স্টিকার ডে

ঐতিহাসিকদের মতে, ১৮৮০ সালে ইউরোপীয় বণিকরা প্রথম নিজেদের পণ্যে স্টিকার লাগাতে শুরু করেন। তারপর থেকে নানাভাবে স্টিকার ব্যবহার চলছে। ১৩ জানুয়ারিকে স্টিকার ডে হিসেবে উদযাপন করা হয়।

নিরাপত্তারক্ষীকে জখম করে ফের এটিএম লুঠের চেষ্টা, উদ্বেগ শহরে

শিলিগুড়ি, ১২ জানুয়ারি : ফের শহরে এটিএমের নিরাপত্তা নিয়ে প্রশ্ন। মঙ্গলবার ভোর রাতে শিলিগুড়ির কোর্ট মোড় সংলগ্ন একটি রাষ্ট্রায়ত্ত ব্যাংকের এটিএম কাউন্টার থেকে টাকা লুঠের চেষ্টা চালাল দুষ্কৃতীরা। এটিএম লুঠে বাধা দেওয়ায় এক দুষ্কৃতী ধারালো অস্ত্র নিয়ে চড়াও হয় এটিএম কাউন্টারের নিরাপত্তার দায়িত্বে থাকা এক কর্মীর ওপর। গুরুতর জখম অবস্থায় ভোর রাতেই ওই নিরাপত্তাকর্মীকে শিলিগুড়ি জেলা হাসপাতালে ভর্তি করা হয়। তবে দুষ্কৃতীদের এটিএম লুঠের চেষ্টা সফল হয়নি। এটিএমে হামলা হওয়ায় এদিন ওই ব্যাংকের কোর্ট মোড় শাখাটি বন্ধ করে রাখা হয়। ঘটনাটি নিয়ে ব্যাংকের তরফে থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। ইতিমধ্যে গোটা ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। ঘটনাস্থল থেকে পুলিশ শাবল, স্ক্রু ড্রাইভার উদ্ধার করেছে। শিলিগুড়ির দায়িত্বপ্রাপ্ত ডেপুটি পুলিশ কমিশনার (জোন-১) কূঁয়রভূষণ সিং বলেন, 'পুরো ঘটনাটি নিয়ে তদন্ত করে দেখা হচ্ছে।'

শিলিগুড়ির কোর্ট মোড়ে ওই রাষ্ট্রায়ত্ত ব্যাংকের শাখাটির সঙ্গে ই-কাউন্টার যুক্ত রয়েছে। ই-কাউন্টার থেকে ২৪ ঘণ্টা এটিএম পরিষেবা দেওয়া হয়। অভিযোগ, এদিন ভোর প্রায় তিনটে বেজে ১৩ মিনিট নাগাদ এক দুষ্কৃতী প্রাচীর টপকে ওই ব্যাংকের ভেতর ঢোকে। তার হাতে হাঁসুয়া, শাবল এবং স্ক্রু ড্রাইভার ছিল। সেসময়ই সাফিরুল হক নামে ওই নিরাপত্তাকর্মী ওই দুষ্কৃতীকে বাধা দেন। অভিযোগ, তখনই হাঁসুয়া বের করে ওই দুষ্কৃতী সাফিরুলের ওপর হামলা করে। হাঁসুয়ার কোপ লাগে ওই নিরাপত্তাকর্মীর হাতে। এরপরই ওই নিরাপত্তাকর্মী চিৎকার করলে স্থানীয়রা তা শুনে পুলিশকে ফোন করেন। কিছুক্ষণের মধ্যে পুলিশ ভ্যান চলে আসায় দুষ্কৃতীরা পালিয়ে যায়। এরপরই রক্তাক্ত অবস্থায় ওই কর্মীকে শিলিগুড়ি জেলা হাসপাতালে ভর্তি করা হয়। ওই রাষ্ট্রায়ত্ত ব্যাংকের অপর এক কর্মী মহাদেব ঘোষ বলেন, 'আমাদের শিফটিং ডিউটি। রাতে আমাকে ফোনে পুরো বিষয়টি জানানো হয়। আমরা এই এটিএম কাউন্টার দেখাশোনার দায়িত্বে রয়েছি। কিন্তু আমাদের কোনও অস্ত্র দেওয়া থাকে না। যেভাবে রাতে দুষ্কৃতীরা হানা দিল, তাতে আতঙ্কে রয়েছি। আমার ধারণা ভেতরে একজন দুষ্কৃতী ছিল আর বাকি কয়েকজন রাস্তার ওপর দাঁড়িয়েছিল।'

এ বিষয়ে এসবিআইয়ের শিলিগুড়ি রিজিওনের চ্যানেল ম্যানেজার অতনু দাস বলেন, '৩টা বেজে ১৩ মিনিট থেকে ৩টা বেজে ১৮ পর্যন্ত এই দুষ্কৃতী হানা চলে। যদিও দুষ্কৃতীরা এটিএমের কোনও ক্ষতি করতে পারেনি। পুলিশ সিসিটিভি ক্যামেরার ফুটেজ খতিয়ে দেখছে। এমন ঘটনা এর আগে এখানে ঘটেনি।' গত বছরও শিলিগুড়ি শহরের একাধিক এটিএম কাউন্টার লুঠ করার চেষ্টা চালিয়েছিল দুষ্কৃতীরা। শিলিগুড়ির গেটবাজার, শক্তিগড়, হাকিমপাড়া, ইস্টার্ন বাইপাস সহ বিভিন্ন এলাকায় এটিএম কাউন্টার লুঠের চেষ্টা চালানো হয়। এরপরই তদন্তে নেমে নিউ জলপাইগুড়ি থানার পুলিশ দুষ্কৃতীদের ওই দলটিকে গ্রেপ্তার করে। পুলিশ সূত্রে খবর, একটি বড় চক্র এদিন এটিএম লুটের চেষ্টার ঘটনার পিছনে রয়েছে।

এটিএমে হামলার খবর শুনে আতঙ্কিত কর্মীরা। -সংবাদচিত্র

প্রশ্নে এটিএম

- মঙ্গলবার রাত ৩টে নাগাদ এটিএমে হামলা হয়
- বাধা দিয়ে গিয়ে আক্রান্ত হন নিরাপত্তারক্ষী
- এলাকার বাসিন্দারাই খবর দেন পুলিশে
- বারবার একই ঘটনায় প্রশ্নের মুখে নিরাপত্তা
- তদন্ত শুরু করেছে পুলিশ

নিউ জলপাইগুড়ি স্টেশনে গ্রেপ্তার ৫ রোহিঙ্গা

শিলিগুড়ি, ১২ জানুয়ারি : আগরতলা থেকে ট্রেনে জম্মু যাওয়ার পথে নিউ জলপাইগুড়ি স্টেশনে পাঁচজন রোহিঙ্গাকে গ্রেপ্তার করল জিআরপি। তাদের প্রত্যেকের সঙ্গে একটি করে শিশু ছিল। মঙ্গলবার দুপুরে আগরতলা-আনন্দবিহার স্পেশাল ট্রেনে অভিযান চালিয়ে পাঁচজনকে গ্রেপ্তার করা হয়। ধৃতরা হল আব্দুল মালিক, সফিয়া বেগম, এনায়েত রহমান, মহম্মদ হাসান, সামসিরা বেগম। তারা বাংলাদেশের কক্সবাজারের কুতুপালংয়ের ১ এবং ৩ নম্বর ক্যাম্প থেকে পালিয়ে আগরতলার সোনামুরা সীমান্ত দিয়ে ভারতে ঢোকে। এরপর অনলাইনে জম্মু থেকে তাদের নামে ট্রেনের টিকিট কাটা হয়। সেই টিকিট নিয়ে জম্মুতে আত্মীয়ের বাড়িতে যাচ্ছিল তারা। নিউ জলপাইগুড়িতে জিআরপি এবং আরপিএফ অভিযুক্তদের কাছে নথি দেখতে চাইলে তারা কোনও বৈধ কাগজ দেখাতে পারেনি। তারপরই অভিযুক্তদের গ্রেপ্তার করে মামলা রুজু করা হয়েছে। ধৃতদের বুধবার জলপাইগুড়ি জেলা আদালতে পাঠানো হবে।

নিউ জলপাইগুড়ি জিআরপির কাছে খবর আসে ট্রেনে পাঁচজন রোহিঙ্গা শিশুদের নিয়ে জম্মু যাচ্ছে। খবর পেয়ে জিআরপি আধিকারিকরা আরপিএফকে সঙ্গে নিয়ে ৫ নম্বর প্ল্যাটফর্মে অপেক্ষা করছিলেন। স্টেশনে ট্রেন ঢুকতেই তল্লাশি শুরু করে পাঁচজনকে আটক করা হয়। সূত্রের খবর, একজন এজেন্টের মাধ্যমে অভিযুক্তরা ভারতে ঢুকেছিল। গত দু'মাসে নিউ জলপাইগুড়ি স্টেশনে একাধিক রোহিঙ্গা ধরা পড়ায় রীতিমতো উদ্বিগ্ন বিভিন্ন নিরাপত্তা সংস্থা। কার মাধ্যমে এই পাঁচজন ভারতে এল তার খোঁজ শুরু হয়েছে। যে সীমান্ত দিয়ে অভিযুক্তরা ভারতে এসেছিল সেই সীমান্তে নিরাপত্তা বাড়ানোর পাশাপাশি খোঁজখবরও শুরু হয়েছে। রেল পুলিশের এক কর্তা বলেন, 'অভিযুক্তরা পুরো বিষয়টি স্বীকার করেছে। তাদের বুধবার আদালতে পাঠানো হবে।'

জেইই-তে ভালো ফলের হদিস

শিলিগুড়ি, ১২ জানুয়ারি : জেইই মেইনস কিংবা জেইই অ্যাডভান্স পরীক্ষায় ভালো ফলাফল করতে কী করা প্রয়োজন সেটিই এখন পড়ুয়াদের শেখাচ্ছেন শিলিগুড়ির 'এনার্জি টু ক্র্যাক ম্যাথস ফোরাম'-এর অন্যতম ফ্যাকাল্টি অশোক কুমার। চলতি বছর থেকে চার দফায় জেইই মেইনস হবে। পাশাপাশি, চলতি বছরের ৩ জুলাই জেইই অ্যাডভান্স পরীক্ষাটি হবে। অধিকাংশের ধারণা, এই দুটি পরীক্ষাই খুবই কঠিন। সেই বিষয়ে অশোক কুমার বলেন, 'জেইই মেইনস মূলত কনসেপ্ট, ডেফিনেশন ও ফর্মুলার ওপর ভিত্তি করে হয়। সব প্রশ্নই আনসিন থাকে। তাই ভালো করে খুঁটিয়ে পড়তে হবে। অনেক সময়ই এই পরীক্ষায় কঠিন প্রশ্নের বদলে একেবারে সোজা প্রশ্ন চলে আসে। খুঁটিয়ে পড়লেই সেইসবের উত্তর দেওয়া সম্ভব হবে।' তাছাড়া তিন ঘণ্টার মধ্যে ৯০টি প্রশ্নের উত্তর দেওয়ার জন্য টাইম ম্যানেজমেন্ট জরুরি বলে তিনি জানান। এজন্য বিগত বছরগুলির আইআইটির প্রশ্নপত্র বারেবারে অনুশীলন করা প্রয়োজন বলেও জানান তিনি। অশোকবাবু আরও বলেন, 'জেইই মেইনস-এ ভালো মার্কস নিয়ে কোয়ালিফাই করতে পারলে পড়ুয়ারা জেইই অ্যাডভান্স দেওয়ার সুযোগ পাবে। জেইই অ্যাডভান্স ক্র্যাক করতে না পারলে আইআইটিতে সুযোগ মিলবে না।'

পরপর দুষ্কৃতী দৌরাত্ম্যে জেরবার রাতের শিলিগুড়ি

শিলিগুড়ি, ১২ জানুয়ারি : শীত বাড়তেই রাতের শিলিগুড়িতে দুষ্কৃতী তাণ্ডব বাড়ছে। কখনও মদ্যপান করে ঝামেলা, সেখান থেকে মারপিট। আবার কখনও এটিএমে দুষ্কৃতী হানা। সবমিলিয়ে বছরদুয়েক আগের স্মৃতি ফিরছে শিলিগুড়িতে। বছরদুয়েক আগে শিলিগুড়ি শহরের বিভিন্ন এটিএম, স্বর্ণঋণ প্রদানকারী সংস্থা, বাড়িতে ডাকাতির ঘটনায় শিলিগুড়ি পুলিশের রাতের ঘুম উড়ে গিয়েছিল। অভিযুক্তদের খোঁজে এরাজ্য থেকে অন্য রাজ্য ঘুরে বেড়িয়েছিল শিলিগুড়ি পুলিশ। মঙ্গলবার শিলিগুড়িতে ফের এটিএম কাউন্টারে দুষ্কৃতী হানার ঘটনায় বছরদুয়েক আগের চেনা ছবি ফেরায় আতঙ্কিত শহরবাসী। তাই রাতের শিলিগুড়িতে নিরাপত্তা আরও জোরদার করার দাবি উঠেছে। বিশেষ করে এটিএম কাউন্টারগুলিতে আগের মতোই পালা করে টহলদারির দাবি উঠেছে। শহরের সহকারী পুলিশ কমিশনার (পূর্ব ১) সুভেন্দ্র কুমার বলেন, 'এটিএমে হানার ঘটনায় শীঘ্রই দুষ্কৃতীদের গ্রেপ্তার করা হবে। রাতে আমাদের বিভিন্ন জায়গায় টহলদারি চলে। পুলিশ আরও বেশি সতর্ক থাকবে।' শিলিগুড়ি শহরে রাত বাড়তেই বহিরাগতদের আনাগোনা বাড়ছে। শিলিগুড়ির বিভিন্ন হোটেলে রাতভর মদ্যপান, ফুর্তি করার পর সকলে তারা রাস্তায় বেরিয়ে পড়ছে। এসবের মাঝেই মদ্যপান করে রাতে তারা ঝামেলায় জড়াচ্ছে। সেই ঝামেলা হাতাহাতি, ভাঙচুরে গিয়ে ঠেকছে। সম্প্রতি শিলিগুড়ির এয়ারভিউ মোড় সংলগ্ন এলাকায় একটি হোটেলে বিহার থেকে আসা কয়েকজন যুবক মদ্যপান করে ঝামেলায় জড়িয়ে পড়ে। বচসা থেকে হাতাহাতি, রাস্তায় গাড়ি ভাঙচুর হয়। গুরুতর জখম হয়েছিলেন এক যুবক। সেই ঘটনার রেশ কাটতে না কাটতেই মঙ্গলবার ভোরে শিলিগুড়ির কোর্ট মোড় সংলগ্ন একটি এটিএম কাউন্টারে দুষ্কৃতী হানার ঘটনা ঘটে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, এটিএম কাউন্টারে ঢুকেই প্রথমে বাতি নিভিয়ে নিরাপত্তারক্ষীর ওপর ধারালো অস্ত্র দিয়ে আঘাত করা হয়। ঘটনাস্থল থেকে শাবল সহ বেশ কিছু সামগ্রী উদ্ধার করেছে পুলিশ। তাই প্রাথমিক তদন্তে পুলিশের অনুমান, এটিএম লুঠের জন্যেই দুষ্কৃতী হানা হয়েছিল। এই ঘটনার পর থেকেই নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে।

> এটিএমে হানার ঘটনায় শীঘ্রই দুষ্কৃতীদের গ্রেপ্তার করা হবে। রাতে আমাদের বিভিন্ন জায়গায় টহলদারি চলে। পুলিশ আরও বেশি সতর্ক থাকবে।
>
> -সুভেন্দ্র কুমার
> *সহকারী পুলিশ কমিশনার (পূর্ব ১)*

বছরদুয়েক আগে শহরের বিভিন্ন এটিএম কাউন্টারে দুষ্কৃতী হানার ঘটনা ঘটেছিল। প্রায় প্রতিদিনই একের পর এটিএম কাউন্টারে দুষ্কৃতী হানা হয়। সেই ঘটনার পর থেকেই শহরের বিভিন্ন এটিএম কাউন্টারে রুটিন টহলদারি শুরু করে পুলিশ। প্রথমেই শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশ এলাকায় থাকা এটিএমের সংখ্যা নির্ধারণ করা হয়। এরপর থানাগুলি প্রতি আধঘণ্টা অন্তর অন্তর নিজ নিজ এলাকার এটিএমগুলিতে রাতভর নজর রাখছিল। কিন্তু সময়ের সঙ্গে সঙ্গে শিলিগুড়ির পুলিশকর্তারা বদলাতেই সেই নিয়মও বদলেছে। পুলিশের একটি অংশের দাবি, আগের নিয়ম অনুযায়ী চললে এটিএমের পাশাপাশি বিভিন্ন এলাকাতেও আগের মতোই নজরদারি চালানো যাবে। তা সম্ভব না হলে নতুন কোনও পদ্ধতিতে নিরাপত্তা বাড়ানোর দাবি উঠেছে।

সাইকেল থেকে পড়ে মৃত্যু

শিলিগুড়ি, ১২ জানুয়ারি : সাইকেল থেকে পড়ে গিয়ে এক ব্যক্তির মৃত্যুর ঘটনায় মঙ্গলবার শিলিগুড়ির রাজা রামমোহন রায় সরণিতে চাঞ্চল্য ছড়াল। পুলিশ জানিয়েছে, মৃত ব্যক্তির নাম রঞ্জন রায়। তিনি মহাকালপল্লির বাসিন্দা। প্রত্যক্ষদর্শীরা জানান, এদিন সাইকেল চালিয়ে যাওয়ার সময় হঠাৎই ওই ব্যক্তি রাস্তায় পড়ে যান। স্থানীয়রা ওই ব্যক্তিকে তুলতে গিয়ে দেখেন তিনি কোনও সাড়া দিচ্ছেন না। স্থানীয়রাই পুলিশে খবর দেন। পুলিশ এসে রঞ্জন রায়কে উদ্ধার করে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে নিয়ে যায়। পুলিশের প্রাথমিক অনুমান, স্ট্রোক করে ওই ব্যক্তির মৃত্যু হয়েছে। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

সচেতনতা শিবির

শিলিগুড়ি, ১২ জানুয়ারি : পিছিয়ে পড়া মেয়েদের সচেতনতা বৃদ্ধির পাশাপাশি তাদের স্বনির্ভর করে তুলতে মঙ্গলবার শিলিগুড়ির বাণীমন্দির স্কুলে স্বেচ্ছাসেবী সংগঠন প্রাজক-এর তরফে কাবাডি প্রতিযোগিতা ও সচেতনতা ক্যাম্পের আয়োজন করা হয়। ক্যাম্পে প্রায় ৩৫০ জন মেয়েকে লিঙ্গবৈষম্য, সাংবিধানিক অধিকারের বিষয়গুলি বোঝানো হয়। শহরের ডিএস কলোনি, শ্রীবাস কলোনি সহ বেশ কিছু এলাকার মেয়েরা এই ক্যাম্পে অংশগ্রহণ করে। প্রকল্পের সঞ্চালক অরিজিৎ অধিকারী বলেন, 'আমরা চাই প্রত্যেকটি নারী স্বাবলম্বী হয়ে উঠুক। শিলিগুড়ি ছাড়াও মালদা, মুর্শিদাবাদেও ক্যাম্পের আয়োজন করে মেয়েদের স্বনির্ভর করার কাজ চলছে।' এসজেডিএ'র ভাইস চেয়ারম্যান নান্টু পাল এদিনের কাবাডি প্রতিযোগিতায় উপস্থিত ছিলেন।

রক্তদানের আহ্বান

শিলিগুড়ি, ১২ জানুয়ারি : শিলিগুড়ি নেতাজি হাইস্কুলের প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে ২৩ জানুয়ারি হাইস্কুল প্রাঙ্গণে স্কুলের প্রাক্তনীদের তরফে রক্তদান শিবিরের আয়োজন করা হবে। ব্লাডমেটস-এর সহযোগিতায় এই শিবির হবে বলে স্কুলের প্রাক্তনী কিংকর চট্টোপাধ্যায় জানিয়েছেন। তিনি বলেন, 'করোনা পরিস্থিতিতে রক্ত সংকট দূর করতে শিবিরের আয়োজন করা হয়েছে।'

কম্বল বিতরণ

শিলিগুড়ি, ১২ জানুয়ারি : নিউ টাউনশিপ ওয়েলফেয়ার সোসাইটির তরফে মঙ্গলবার স্বামী বিবেকানন্দের জন্মজয়ন্তী পালন করা হয়। এই উপলক্ষ্যে এদিন সংস্থার তরফে ১৫০ জন দুঃস্থকে কম্বল দেওয়া হয় ও দুপুরের খাবার বিতরণ করা হয়। এদিন সংস্থার পক্ষে উপস্থিত ছিলেন সভাপতি নকুল সরকার, সম্পাদক স্বপন দাস সহ অন্য সদস্যরা।

কমিটি গঠন

শিলিগুড়ি, ১২ জানুয়ারি : মঙ্গলবার শিলিগুড়ি রোড ট্রান্সপোর্ট অ্যাসোসিয়েশনের নতুন কার্যনির্বাহী কমিটি গঠিত হয়। ১৫ জনের কমিটিতে সভাপতি এবং দুজন সাধারণ সম্পাদক হিসাবে যথাক্রমে রাজেশ শর্মা এবং হেতরাম শর্মা ও প্রদীপ ঘোষ নির্বাচিত হয়েছেন।

মন্ত্রীকে কটাক্ষ অশোকের

শিলিগুড়ি, ১২ জানুয়ারি : বেইলি ব্রিজ থেকে শুরু করে টোটো এবং শহরের যানজট নিয়ে সোশ্যাল মিডিয়ায় নাম না করে পর্যটনমন্ত্রীকে কটাক্ষ করলেন শিলিগুড়ির বিধায়ক তথা শিলিগুড়ি পুরনিগমের প্রশাসকমণ্ডলীর চেয়ারম্যান অশোক ভট্টাচার্য। অশোকবাবুর দাবি, গত পাঁচ বছরে শিলিগুড়ির প্রতি বঞ্চনা এবং বৈষম্যের নেতৃত্ব দিয়েছেন পর্যটনমন্ত্রী গৌতম দেব। শহরে টোটোর টেম্পোরারি আইডেন্টিফিকেশন নম্বর (টিআইএন), টোটোর বদলে ই-রিকশা আনা নিয়েও অনেক টাকার নয়ছয় হয়েছে বলে দাবি অশোকবাবুর। অশোক ভট্টাচার্যকে পালটা বিঁধেছেন পর্যটনমন্ত্রী গৌতম দেব। তাঁর সঙ্গে যানজটের কী সম্পর্ক, সেই প্রশ্ন অশোকবাবুর উদ্দেশে করেছেন মন্ত্রী। নির্বাচনের আগে শহরের দুই নেতার লড়াইয়ে সরগরম শিলিগুড়ির রাজনীতি।

শহরের যানজট সমস্যা, টোটো-অটোর সমস্যা সমাধানে প্রশাসনিক ভূমিকা নিয়ে প্রশ্ন উঠতে থাকে। নির্বাচনের আগে বিভিন্ন রাজনৈতিক দল বিষয়টিকে ইস্যু করতে শুরু করলে তৎপর হয়েছিলেন পর্যটনমন্ত্রী গৌতম দেব। দার্জিলিং মোড়ের যানজট সমস্যা সমাধানে বেইলি ব্রিজ তৈরির প্রস্তাব পাঠান মুখ্যমন্ত্রীর কাছে। বিষয়টি নিয়ে আগামী ১৪ তারিখ বৈঠকেরও ডাক দেওয়া হয়েছে। এই বিষয়টিকে নিয়েই কটাক্ষ করেছেন অশোক ভট্টাচার্য। নির্বাচনের আগে কেন মন্ত্রী হঠাৎ করে এত সক্রিয় হলেন, তা নিয়ে প্রশ্ন তুলেছেন তিনি। পালটা পর্যটনমন্ত্রী গৌতম দেব বলেন, 'শিলিগুড়ির যানজটের সঙ্গে আমার কী সম্পর্ক? আমি কী পুরসভার মেয়র ছিলাম? অশোকবাবু তো এত বছর পুরমন্ত্রী ছিলেন, তাঁদের দল কেন কিছু করেনি। শহরে বর্ধমান রোডের ওপর উড়ালপুল আমরা তৈরি করছি। ইস্টার্ন বাইপাসের কাজটা আমরাই শেষ করেছি। আমি উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী থাকাকালীন শিলিগুড়ির জন্যে যা কাজ করেছি তার শ্বেতপত্র প্রকাশ করে দিয়েছি। মাল্লাগুড়িতে কেন্দ্রীয় সরকার প্রথমে বলল ফোর লেন করবে। সেইমতো কাজও শুরু হয়। কিন্তু পরে বলা হয় ছয় লেন হবে। এরপর থেকে কাজ বন্ধ হয়ে রয়েছে। তাই বিকল্প কিছু তো করতে হবে।'

এই ট্যাবলো ঘিরেই বিতর্ক। ছবি : সূত্রধর

স্বামীজির জন্মজয়ন্তী উদযাপন

ট্যাবলোয় অভিষেকের ছবি, বিতর্কে তৃণমূল

শিলিগুড়ি, ১২ জানুয়ারি : স্বামী বিবেকানন্দের জন্মদিনে তাঁকে শ্রদ্ধা জানাতে শিলিগুড়িতে শোভাযাত্রার আয়োজন করা হয়েছিল। তবে সেখানে দেখা গেল অবাক করা দৃশ্য। দার্জিলিং জেলা তৃণমূল যুব কংগ্রেসের তরফে আয়োজিত শোভাযাত্রায় স্বামী বিবেকানন্দের বদলে ট্যাবলোর পুরোভাগে জায়গা পেল তৃণমূল যুব কংগ্রেসের সভাপতি অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ছবি। স্বামীজি অবশ্য স্থান পেলেন ট্যাবলোর পেছনের অংশে ও একপাশে।

মঙ্গলবার বিবেকানন্দের ১৫৯তম জন্মজয়ন্তী উপলক্ষ্যে জেলা তৃণমূল যুব কংগ্রেসের উদ্যোগে একটি শোভাযাত্রার আয়োজন করা হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে ট্যাবলো সহ শোভাযাত্রাটি শহরের বিভিন্ন এলাকা পরিক্রমা করে। তবে স্বামী বিবেকানন্দের জন্মজয়ন্তী উপলক্ষ্যে এই আয়োজন করা হলেও দেখা গেল, ট্যাবলোর পুরোভাগে স্বামীজির ছবি নয়, স্থান পেয়েছে তৃণমূল যুব কংগ্রেসের সভাপতি অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ছবি। স্বামীজির ছবি রইল ট্যাবলোর একপাশে ও পেছনের অংশে। এই ঘটনায় শহরজুড়ে দেখা দিয়েছে বিতর্ক। সমালোচনার ঝড় তুলেছেন সাধারণ মানুষ। পাশাপাশি, এদিনের বাইক র‍্যালিতে বিনা হেলমেটেই যোগ দিয়েছিলেন সংগঠনের অনেক সদস্য।

স্বামী বিবেকানন্দের জন্মদিন উপলক্ষ্যে রাজ্যজুড়ে পালিত হচ্ছে বিভিন্ন রকমের অনুষ্ঠান। স্বামীজির জন্মদিনকে সামনে রেখে সাধারণ মানুষের কাছে পৌঁছোতে চাইছেন তৃণমূল নেতারা। তবে স্বামীজির জন্মজয়ন্তীতে তৃণমূল যুব কংগ্রেসের শোভাযাত্রায় এই চিত্র প্রথমবার নয়। গত বছরও স্বামী বিবেকানন্দের জন্মদিনে স্বামীজির ছবির পরিবর্তে স্থান পেয়েছিল অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ছবি। কেন অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ছবি পুরোভাগে, সেই প্রসঙ্গে দার্জিলিং জেলা তৃণমূল কংগ্রেস (সমতল)-এর মুখপাত্র বেদব্রত দত্ত বলেন, 'টোটোর পিছনে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ছবি দিয়ে বিবেকানন্দের জন্মজয়ন্তী পালনের গতবছরের একটি ছবি ভাইরাল হয়েছে। তবে এবছর তিনটি ট্যাবলো নিয়ে র‍্যালি করা হয়েছে। যেখানে প্রথমে বিবেকানন্দের ছবি রাখা হয়েছিল। দ্বিতীয় ট্যাবলোতে যুব সভাপতি অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ছবি রাখা হয়েছে। তবে র‍্যালিতে বাইক নিয়ে হেলমেট না পরে যোগদান করা ঠিক হয়নি। এই ঘটনা যাতে পরবর্তীতে না ঘটে সেদিকে নজর রাখা হবে।' এ প্রসঙ্গে হায়দরপাড়া বুদ্ধভারতী স্কুলের প্রধান শিক্ষক স্বপনেন্দু নন্দীর মন্তব্য, 'পশ্চিমবঙ্গে এখন চলছে বিবেকানন্দ তুমি কার? তাঁকে সম্মান জানানো উচিত। পাশাপাশি সেফ ড্রাইভ সেভ লাইফ নিয়ে সরকারি তরফে এত প্রচার করা হচ্ছে, সেখানে সকলের হেলমেট পরাই বাঞ্ছনীয়।'

অবাক করা চিত্র

- স্বামী বিবেকানন্দের জন্মজয়ন্তী উপলক্ষ্যে শিলিগুড়িতে শোভাযাত্রা
- জেলা তৃণমূল যুব কংগ্রেসের উদ্যোগে আয়োজিত শোভাযাত্রায় ট্যাবলো ঘিরে বিতর্ক
- ট্যাবলোর পুরোভাগে স্থান পেয়েছে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ছবি
- স্বামীজির ছবি রইল ট্যাবলোর একপাশে ও পেছনের অংশে

দুঃস্থদের সাহায্য

শিলিগুড়ি, ১২ জানুয়ারি : প্রতিবছরের মতো এবছরও স্বামী বিবেকানন্দের জন্মজয়ন্তী উপলক্ষ্যে এসএসজি মিডিয়ার তরফে সমাজসেবামূলক কর্মসূচি গ্রহণ করা হয়। স্বামী বিবেকানন্দের ১৫৯তম জন্মজয়ন্তী উপলক্ষ্যে শিলিগুড়ির আনন্দময়ী কালীবাড়িতে ১০০ জন দুঃস্থ মানুষের হাতে কম্বল ও ফল তুলে দেওয়া হয়। এই বিশেষ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উত্তরবঙ্গ সংবাদের জেনারেল ম্যানেজার প্রলয়কান্তি চক্রবর্তী, শিলিগুড়ি মেট্রোপলিটান পুলিশের আধিকারিক উদয় চক্রবর্তী, স্থানীয় ওয়ার্ডের কোঅর্ডিনেটর প্রশান্ত চক্রবর্তী। মঙ্গলবার দুঃস্থদের হাতে কম্বল ও ফল তুলে দেওয়ার পর এসএসজি মিডিয়ার কর্ণধার সূর্যশেখর গাঙ্গুলি জানান, মানুষের জন্য কাজ করতে ভালো লাগে, সাংবাদিকতার পাশাপাশি সমাজের মানুষের জন্য করতে চাই। এতে মনে শান্তি পাওয়া যায়। এছাড়াও আজ ফিনফিড নামক স্বেচ্ছাসেবী সংগঠনের তরফে শিলিগুড়ির চাঁদমণি এলাকার দুঃস্থ শিশুদের হাতে জামাকাপড় তুলে দেওয়া হয়।

সচেতনতা শিবির

শিলিগুড়ি, ১২ জানুয়ারি : পিছিয়ে পড়া মেয়েদের সচেতনতা বৃদ্ধির পাশাপাশি তাদের স্বনির্ভর করে তুলতে মঙ্গলবার শিলিগুড়ির বাণীমন্দির স্কুলে স্বেচ্ছাসেবী সংগঠন প্রাজক-এর তরফে কাবাডি প্রতিযোগিতা ও সচেতনতা ক্যাম্পের আয়োজন করা হয়। ক্যাম্পে প্রায় ৩৫০ জন মেয়েকে লিঙ্গবৈষম্য, সাংবিধানিক অধিকারের বিষয়গুলি বোঝানো হয়। শহরের ডিএস কলোনি, শ্রীবাস কলোনি সহ বেশ কিছু এলাকার মেয়েরা এই ক্যাম্পে অংশগ্রহণ করে। প্রকল্পের সঞ্চালক অরিজিৎ অধিকারী বলেন, 'আমরা চাই প্রত্যেকটি নারী স্বাবলম্বী হয়ে উঠুক। শিলিগুড়ি ছাড়াও মালদা, মুর্শিদাবাদেও ক্যাম্পের আয়োজন করে মেয়েদের স্বনির্ভর করার কাজ চলছে।' এসজেডিএ'র ভাইস চেয়ারম্যান নান্টু পাল এদিনের কাবাডি প্রতিযোগিতায় উপস্থিত ছিলেন।

ইসলামপুর গার্লস হাইস্কুলের গেটে বাইকের দাপট

ইসলামপুর, ১২ জানুয়ারি : শহরের প্রাণকেন্দ্রে গার্লস হাইস্কুলের গেটের সামনের সরু রাস্তাটি রীতিমতো পার্কিং জোনে পরিণত হওয়ায় পুলিশ ও প্রশাসনের ভূমিকা নিয়ে প্রশ্ন উঠেছে। ওই সরু রাস্তায় বাইক রাখায় মানুষের যাতায়াতে সমস্যা হচ্ছে। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, ওই রাস্তায় পুলিশ ও প্রশাসনের আধিকারিকরাও যাতায়াত করেন। কিন্তু তাঁরা এ বিষয়ে উদাসীন থাকছেন, কোনও পদক্ষেপ করছেন না। ইসলামপুর থানার আইসি শমীক চট্টোপাধ্যায়কে ফোন করা হলে তিনি বলেন, বিষয়টি তাঁর জানা নেই।

ইসলামপুর গার্লস হাইস্কুলের পশ্চিমদিকের গেটের সামনে বাইক পার্কিং করার পাশাপাশি বাইকের দৌরাত্ম্য বৃদ্ধি পাওয়ায় উদ্বেগ প্রকাশ করেছেন বিদ্যালয় কর্তৃপক্ষ থেকে শুরু করে অভিভাবক ও স্থানীয় বাসিন্দারা। তাঁদের অভিযোগ, গার্লস স্কুলের সামনে বাইকের দৌরাত্ম্যে আমরা আতঙ্কে রয়েছি। লকডাউন থাকলেও মেয়েদের বিভিন্ন সময়ে নানা কাজে বিদ্যালয়ে যেতে হয়। প্রায়ই ওই জায়গায় সড়ক দুর্ঘটনা ঘটছে। এছাড়া প্রায়ই মারপিট লেগে থাকছে। গার্লস হাইস্কুলের প্রধান শিক্ষিকা জগদ্ধাত্রী সরকার বলেন, 'হাইস্কুল মাঠের গেট বন্ধ থাকায় দুপুরের পর থেকেই আমাদের স্কুলের গেটের সামনে বাইকের লাইন পড়ে যাচ্ছে। দেখে মনে হবে রীতিমতো পার্কিং জোন। এমনিতেই ওই রাস্তা খুবই সরু। তার উপরে এভাবে বাইক রাখায় প্রায়ই দুর্ঘটনা ঘটছে। এছাড়া আমাদের বিদ্যালয়ে ছাত্রীদের ফর্ম ফিলআপের কাজ চলছে। শিক্ষিকা ও ছাত্রীরা বিদ্যালয়ে আসছে। তাদেরও খুবই সমস্যা হচ্ছে বলে তারা আমাকে জানিয়েছে।'

প্রধান শিক্ষিকা অবিলম্বে প্রশাসনিক হস্তক্ষেপ দাবি করেছেন। স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন, বাইক রাখাকে কেন্দ্র করে প্রায় প্রতিদিনই মারপিট লেগে থাকছে। এছাড়া ওই সরু রাস্তা দিয়ে যাতায়াতে খুবই সমস্যায় পড়তে হচ্ছে। নাগরিক মঞ্চের সহ সম্পাদক সুভাষ চক্রবর্তী জানান, যেভাবে রাস্তা দখল করে গার্লস হাইস্কুলের গেটের সামনে বাইক রাখা হয়, তার দায় এড়াতে পারে না পুলিশ ও প্রশাসন। ইসলামপুরের অতিরিক্ত পুলিশ সুপার কার্তিকচন্দ্র মণ্ডল জানান, 'বিষয়টি দেখে ব্যবস্থা নেওয়া হচ্ছে।

স্কুলের গেট এভাবেই দাঁড়িয়ে থাকে বাইক ও স্কুটার। ছবি : তপনকুমার বিশ্বাস